

সরকারি মেডিক্যালে ভর্তির সময়সীমা বাড়ল

নিজস্ব প্রতিবেদক

০৯ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



সরকারি মেডিক্যাল কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তির সময়সীমা বাড়ানো হয়েছে। আগামী ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত অফিস চলাকালীন যে কোনো সময় এমবিবিএসে ভর্তি হতে পারবেন শিক্ষার্থীরা। গতকাল স্বাস্থ্যশিক্ষা অধিদপ্তরের চিকিৎসা শিক্ষা বিভাগের পরিচালক অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এর আগে গত ১৯ জানুয়ারি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়। প্রকাশিত ফল অনুযায়ী, দেশের সরকারি

৩৭ মেডিক্যাল কলেজের জন্য মোট ৫ হাজার ৩৭২ শিক্ষার্থী নির্বাচিত হন। নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা ছিল ৮ ফেব্রুয়ারি অফিস চলাকালীন পর্যন্ত। এ বছর এমবিবিএস ভর্তি পরীক্ষায় এক লাখ ৩১ হাজার ৭২৯ জন পরীক্ষায় অংশ নেন।